Dean, FASS...

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬,
ফোন ঃ ৮০০০৬৩৪, বর্ধিতঃ ৮৫১৬

OFFICE OF THE BA/BSS PROGRAMME
BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS
MIRPUR CANTTONMENT, DHAKA-1216
Phone: 8000634, EX: 8516

২৩.০১.৯০২.৮৫৮.২৯.৭৮৬.০৯

১১ মাঘ ১৪৩০/ ২৫ জানুয়ারি ২০২৪

# বিজ্ঞপ্তি

## বিইউপি কর্তৃক পরিচালিত বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের অনলাইন ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪, ব্যাচ: ১০

১। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে **২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে** ফ্যাকাল্টি অব আর্টস এন্ড সোস্যাল সাইন্স এর অধীনে বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যবৃন্দের বিইউপির অধিভূক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে প্রাইভেট শিক্ষার্থী হিসেবে **অনলাইন রেজিস্ট্রেশন** কার্যক্রম **২৮ জানুয়ারি ২০২৪** তারিখ থেকে শুরু হয়ে আগামী **২৯ ফেব্রুয়ারি ২০২৪** তারিখ পর্যন্ত চলবে। বিষয়োক্ত প্রোগ্রামে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নোক্ত শর্তাবলী ও নিয়মাবলীর প্রেক্ষিতে যথাসময়ে সম্পন্ন করতে হবে।

ক। **শর্তাবলী ঃ** সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণের পর বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে প্রাইভেট শিক্ষার্থী হিসেবে **অনলাইন রেজিস্ট্রেশন** সম্পন্ন করতে পারবেন।

খ। অনলাইন রজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী (শুধুমাত্র শিক্ষার্থীদের জন্য) ঃ

(১) বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী **অনলাইনে রেজিস্ট্রেশনের** লক্ষ্যে বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd➡**BA/BSS Registration Link**) প্রবেশ করে শিক্ষার্থীর পূর্ণ নাম, অধিভূক্ত প্রতিষ্ঠান কোড (স্ব স্ব রেকর্ড), প্রোগ্রাম কোড (BA-97/BSS-98), ব্যাচ (10), সৈনিক নাম্বার, এক্টিভ ই-মেইল এড্রেস ও মোবাইল নাম্বার দিয়ে প্রাথমিক তথ্য পূরণ করবেন (অধিভূক্ত প্রতিষ্ঠান কোড রেজিস্ট্রেশন নির্দেশিকায় পাওয়া যাবে)।

(২) পূরণকৃত তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীর ই-মেইলে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে পুনরায় শিক্ষার্থী বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) লগইন করে ক্রমানুসারে Basic Information, Family Information, Photo ও Signature এবং Education Information ইত্যাদি প্রদত্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করবেন।

(৩) রেজিস্ট্রেশনের লক্ষ্যে প্রোগ্রাম অনুযায়ী অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত টাকা), বিইউপি জেনারেল ফান্ড, একাউন্ট নং ০০২৮-০৩২০০০০০৯১, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা, ঢাকা এর অনুকূলে জমা করত: জমা স্লিপের মূলকপি **"Document Attachment" মেনু বার এর মাধ্যমে আপলোড করবে।**

(৪) শিক্ষার্থী সর্বশেষ ধাপে **"Final Submission"**-এর পূর্বে পূনরায় সকল প্রদত্ত তথ্য এবং সংযুক্তি যাচাই করত: **ফাইনাল সাবমিট** করবেন। এখানে উল্লেখ্য যে **ফাইনাল সাবমিট হওয়ার পর পুনরায় কোন তথ্য পরিবর্তন করা যাবে না**। তবে অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে সংযোজন/বিয়োজন করতে পারবেন।

২। **শুধুমাত্র অধিভূক্ত প্রতিষ্ঠানের জন্য ঃ**

(ক) বিইউপি কর্তৃক পরিচালিত বিএ/বিএসএস প্রোগ্রামের অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহের অধিনস্থ ইউনিটসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে **অনলাইনে রেজিস্ট্রেশন** কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করণের লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তিটি প্রেরণ করবেন।

(খ) অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার বিইউপি কর্তৃক প্রেরিত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) লগইন করে বিভিন্ন ইউনিট থেকে সাবমিটকৃত শিক্ষার্থীর সকল তথ্য (Basic Information, Family Information, Photo ও Signature, Education Information এবং Original Deposit Slip) যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা তা যাচাই করে অধিভূক্ত প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনের জন্য প্রেরণ/Forward করবেন।

(গ) অধিভূক্ত প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট/প্রতিষ্ঠান প্রধান বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) লগইন করে নির্ধারিত মেনু বার থেকে সকল প্রদত্ত তথ্য পুনরায় যাচাই করে অনুমোদন সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের বিএ/বিএসএস প্রোগ্রাম অফিসে **০৭ মার্চ ২০২৪ তারিখের মধ্যে** প্রেরণ/Forward করবেন।

৩। বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রামের বিষয় নির্বাচন এবং অন্যান্য তথ্যের জন্য **বিএ/বিএসএস প্রোগ্রামের রেগুলেশন, অধিভূক্ত প্রতিষ্ঠান কোড এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশিকা** (ফটোকপি সংযুক্ত) অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত প্রোগ্রামের রেগুলেশন ও সিলেবাস বিইউপির ওয়েবসাইট (www.bup.edu.bd) এ পাওয়া যাবে। **অনলাইন রেজিস্ট্রেশন** সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে নিম্নেবর্ণিত ব্যক্তির সাথে যোগাযোগ করা যেতে পারে ঃ

মোঃ রহমত উল্লাহ, অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি, মোবাইল ঃ ০১৭১২৬৯১০৮৩।

৪। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

শেখ আবদুল্লাহ আলমগীর
গ্রুপ ক্যাপ্টেন
পরিচালক

পক্ষে ভাইস চ্যান্সেলর

বিতরণ ঃ

বহির্গমন ঃ

কার্যক্রম ঃ

সেনাসদর, জিএস শাখা (শিক্ষা পরিদপ্তর)
সদর দপ্তর বিজিবি, অপারেশন ও প্রশিক্ষণ শাখা, প্রশিক্ষণ পরিদপ্তর, পিলখানা ঢাকা

অভ্যন্তরীণ ঃ

কার্যক্রম ঃ

রেজিস্ট্রার অফিস (একাডেমিক সেকশন), বিইউপি
আইসিটি সেন্টার (নির্দেশিকাটি বিইউপির ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

অবগতি ঃ

ভিসি'র সচিবালয়, বিইউপি
ডিন অফিস, এফএএসএস
কলেজ পরিদর্শক অফিস, বিইউপি
পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, বিইউপি।

সীমিত

Dean, FASS....

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬,
ফোন ঃ ৮০০০৬৩৪, বর্ধিতঃ ৮৫১৬

OFFICE OF THE BA/BSS PROGRAMME
BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS
MIRPUR CANTTONMENT, DHAKA-1216
Phone: 8000634, EX: 8516


২৩.০১.৯০২.৮৫৮.২৯.৭৮৬.০৯

১১ মাঘ ১৪৩০/ ২৫ জানুয়ারি ২০২৪

# বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনলাইন রেজিস্ট্রেশনের সংক্ষিপ্ত নির্দেশনা

## শুধমাত্র শিক্ষার্থীদের জন্য


১। বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী **অনলাইনে রেজিস্ট্রেশনের** লক্ষ্যে বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd ⟶ **BA/BSS Registration Link**) প্রবেশ করে শিক্ষার্থীর পূর্ণ নাম, অধিভূক্ত প্রতিষ্ঠান কোড (স্ব স্ব রেকর্ড), প্রোগ্রাম কোড (BA-97/BSS-98), ব্যাচ (10), সৈনিক নাম্বার, এক্টিভ ই-মেইল এড্রেস ও মোবাইল নাম্বার দিয়ে প্রাথমিক তথ্য পূরণ করবেন (প্রতিষ্ঠান কোড রেজিস্ট্রেশন নির্দেশিকায় পাওয়া যাবে)।




২। পূরণকৃত তথ্যের ভিত্তিতে শিক্ষার্থীর ই-মেইলে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যাবহার করে পুনরায় শিক্ষার্থী বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) লগইন করে ক্রমানুসারে Basic Information, Family Information, Photo ও Signature এবং Education Information ইত্যাদি প্রদত্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করবেন।


৩। পরবর্তী ধাপে শিক্ষার্থী এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত টাকা), বিইউপি জেনারেল ফান্ড, একাউন্ট নং ০০২৮-০৩২০০০০০৯১,ট্রাস্ট ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা, ঢাকা এর অনুকূলে জমা করত: জমা স্লিপের মূলকপি **"Document Attachment" মেনু বার এর মাধ্যমে আপলোড করবেন।**

# Student Profile ..




৪। শিক্ষার্থী সর্বশেষ ধাপে **"Final Submission"**-এর পূর্বে পুনরায় সকল প্রদত্ত তথ্য এবং সংযুক্তি যাচাই করত: ফাইনাল সাবমিট করবেন। এখানে উল্লেখ্য যে ফাইনাল সাবমিট হওয়ার পর পুনরায় কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তবে অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে সংযোজন/বিয়োজন করতে পারবেন।

# Student Profile :




## শুধুমাত্র অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার এবং কমান্ড্যান্ট/প্রতিষ্ঠান প্রধানের জন্য

১। বিইউপি কর্তৃক পরিচালিত বিএ/বিএসএস প্রোগ্রামের অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহের অধিনস্থ ইউনিটসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামে **অনলাইনে রেজিস্ট্রেশন** কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করণের লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তিটি প্রেরণ করবেন।


২। অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার বিইউপি কর্তৃক প্রেরিত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে বিইউপির ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) লগইন করবেন।

Log In (1st time ):





৩। রেজিস্ট্রেশনের লক্ষ্যে প্রোগ্রাম অনুযায়ী শিক্ষার্থীদের রোল নম্বর এবং উল্লেখিত সকল নির্ধারিত ঘর পুরণকরতঃ পরবর্তী ধাপে প্রয়োজন সাপেক্ষে যদি কোন তথ্য প্রদান করতে হয় সেক্ষেত্রে "Edit Button" এ ক্লিক করে তথ্য আপডেট করবেন।

Student Information (View and Update)..





Student Information (View and Update)..




৪। অধিভূক্ত প্রতিষ্ঠানের সিনিয়র রেকর্ড অফিসার/রেকর্ড অফিসার রেজিস্ট্রেশনের লক্ষ্যে প্রোগ্রাম অনুযায়ী শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত টাকা), বিইউপি জেনারেল ফান্ড, একাউন্ট নং ০০২৮-০৩২০০০০০৯১, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা, ঢাকা এর অনুকূলে জমা করত: জমা স্লিপের মূলকপি **"Document Attachment" মেনু বার এর মাধ্যমে যথাযথভাবে আপলোড করা হয়েছে কি/না তা নিশ্চিত করে** অধিভূক্ত প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনের জন্য প্রেরণ/Forward করবেন।

## Student Information (View and Update)..





## Institution User Forward




৫। অধিভুক্ত প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট/প্রতিষ্ঠান প্রধান উল্লেখিত ওয়েবসাইটে (http://afregistration.bup.edu.bd) বিইউপি কর্তৃক প্রেরিত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নির্ধারিত মেনু বার থেকে সকল প্রদত্ত তথ্য পুনরায় যাচাই করে অনুমোদন সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের বিএ/বিএসএস প্রোগ্রাম অফিসে প্রেরণ/Forward করবেন।

## Institution Authorize Forward



# BA/BSS PROGRAM

## Affiliated Institutes Name & Code
## Program Name & Code

| Sl. | Affiliated Institute Name | Institute Code | Program Name | Program Code |
|---|---|---|---|---|
| 1. | Armoured Corps Centre & School (ACC&S), Bogura Cantonment. | 34 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 2. | Artillery Centre and School (AC&S), Halishohore, Chattogram. | 20 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 3. | Engineering Centre and School of Military Engineering (ECSME), Kaderabad Cantonment, Natore. | 35 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 4. | Signal Training Centre and School (STC&S), Jessore Cantonment. | 36 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 5. | The East Bengal Regimental Centre (EBRC), Chattogram Cantonment. | 37 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 6. | Bangladesh Infantry Regimental Centre (BIRC), Rajshahi Cantonment. | 38 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 7. | Army Service Corps Centre & School (ASCC&S), Jahanabad Cantonment, Khulna. | 39 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 8. | Army Medical Corps Centre & School (AMCC&S), Shahid Salahuddin Cantonment, Gatail, Tangail. | 40 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 9. | Army School of Education and Administration (ASEA), Shahid Salahuddin Cantonment, Gatail, Tangail. | 41 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 10. | Ordnance Centre & School (OC&S), Rajendrapur Cantonment, Gazipur. | 32 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 11. | Electrical and Mechanical Engineering Centre and School (EMEC&S), Syedpur Cantonment, Nilphamari. | 42 | BA | 97 |
| | | | BSS | 98 |
| 12. | Information Communication Technology Center & College, Pilkhana, Dhaka. | 43 | BA | 97 |
| | | | BSS | 98 |

# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)
## মিরপুর সেনানিবাস

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ আইন-২০০৯ এর ধারা ৪৪ (প)
মোতাবেক প্রণীত বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের রেগুলেশন্স ২০২২

**BA/BSS (Pass) Programme Regulations 2022**

গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি অনুযায়ী

## কমিটি অব কোর্সেস- বিএ/বিএসএস (পাস) প্রোগ্রাম, বিইউপি এর কার্যবিবরণী

ব্যাচেলর অব আর্টস্ (বিএ) এবং ব্যাচেলর অব সোস্যাল সাইন্স (বিএসএস) পাস প্রোগ্রাম এর সিলেবাস ও রেগুলেশন পুর্নবিন্যাস/পর্যালোচনার লক্ষ্যে কলেজ পরিদর্শকের অফিস পত্র নং ২৩.০১.৯০২.৮৫৮.১০.৭৮৬.০৩.২২.১২.২১ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২২ মোতাবেক একটি কমিটি অব কোর্সেস গঠিত হয়। নিম্নে উল্লেখিত কমিটির সদস্যবৃন্দ কার্য সম্পাদন ও কার্যবিবরণী গত ..........মার্চ ২০২২ তারিখে চূড়ান্ত করে।

(ক) সভাপতি ঃ

(১) বিডি/৮৪০৪ গ্রুপ ক্যাপ্টেন একেএম জিয়াউল হক, বিইউপি, এএকডব্লিউসি, পিএসসি
পরিচালক, বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি

(খ) অভ্যন্তরীণ সদস্যবৃন্দ ঃ

(১) ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ শামছুল আরেফীন, এনডিসি, পিএসসি
ডিন, ফ্যাকাল্টি অব আর্টস এন্ড সোশ্যাল সাইন্সেস, বিইউপি

(২) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সোহ্‌রাব হোসেন ভূঁইয়া, পিবিজিএম, এনডিসি, পিএসসি, জি+
কলেজ পরিদর্শক, বিইউপি

১৪তম একাডেমিক কাউন্সিল সভায় সুপারিশকৃত
এবং
১৬তম সিন্ডিকেট সভায় অনুমোদিত হয়।

লিটন চন্দ্র সরকার
উপ কলেজ পরিদর্শক
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

(৩) বিএ-৫১৮২ লে. কর্নেল শাহীন আহমেদ, এসইউপি, অর্ডন্যান্স
সহযোগী অধ্যাপক, বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি

(৪) লিটন চন্দ্র সরকার, উপ কলেজ পরিদর্শক, বিইউপি

(গ) বহিঃস্থ সদস্যবৃন্দ ঃ

(১) ______________________ 21-3-2022

ড. এম রেজাউল ইসলাম, অধ্যাপক, সমাজকল্যান ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(২) ______________________ 20-3-2022

ড. এ কে এম ওয়ালিউল ইসলাম, অধ্যাপক (অবঃ), ডিপার্টমেন্ট অব ইংলিশ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩) ______________________

বিএ-৫৮৫৪ লেঃ কর্নেল খন্দকার মোঃ শাহনেওয়াজ, এইসি, জিএসও-১, শিক্ষা পরিদপ্তর, সেনাসদর

(ঘ) সদস্য সচিব ঃ

(১) ______________________

বিডি/৮৭০৭ উইং কমান্ডার মোঃ খালেদুর রহমান, শিক্ষা সহযোগী অধ্যাপক, বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি

৬৪...তম একাডেমিক কাউন্সিল সভার সুপারিশকৃত
এবং
৬৬...তম সিন্ডিকেট সভায় অনুমোদিত হয়।

লিটন চন্দ্র সরকার
উপ কলেজ পরিদর্শক
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্

## বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ আইন-২০০৯ এর ধারা ৪৪ (প) মোতাবেক প্রণীত

## বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের রেগুলেশনস ২০২২

## BA/BSS (Pass) Programme Regulations 2022

### গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি অনুযায়ী

১। শিক্ষাকার্যক্রমের মেয়াদ ।

ক। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর অধীনে স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমের মেরাদ ৩ বছর।

খ। প্রতিটি শিক্ষাকার্যক্রম ৩টি একাডেমিক বর্ষে বিভক্ত করে পাঠদান/পাঠপ্রস্তুতি/শিক্ষাবর্ষ সম্পন্ন করা হবে, যেমনঃ ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ

গ। এই শিক্ষাকার্যক্রম প্রতি বছর জানুয়ারি মাসে শুরু হবে। সংশ্লিষ্ট শিক্ষাকার্যক্রমের সিলেবাস অনুযায়ী প্রতি শিক্ষাবর্ষে শুরুর পর থেকে মোট ৩৮ সপ্তাহ পাঠদান, ২ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি, ৬ সপ্তাহ বার্ষিক পরীক্ষা কার্যক্রম চলবে। প্রাইভেট শিক্ষার্থীদের ক্ষেত্রে মোট ৩৮ সপ্তাহ শিক্ষা প্রস্তুতি, ২ সপ্তাহ পরীক্ষা প্রস্তুতি, ৬ সপ্তাহ বার্ষিক পরীক্ষা কার্যক্রম চলবে। অবশিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে

ঘ। বার্ষিক কোর্স ভিত্তিক পরীক্ষা এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে এই শিক্ষাকার্যক্রম পরিচালিত হবে। গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ (GPA) ও সিজিপিএ (CGPA) হিসেবে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

২। স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে আবশ্যিক বিষয়সমূহ।

ক। সমর বিদ্যা/বাংলাদেশ স্টাডিজ (আবশ্যিক)
খ। ইংরেজী (আবশ্যিক)
গ। বাংলা (আবশ্যিক)

৩। বিএ/বিএসএস (পাস) শিক্ষা কার্যক্রমের আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সহ বিষয়গুচ্ছসমূহ । বিএ (পাস) প্রোগ্রামের জন্য মানবিক গ্রুপ এর যে কোন গুচ্ছ হতে ১টি করে মোট ৩টি বিষয় এবং বিএসএস (পাস) প্রোগ্রামের জন্য সামাজিক বিজ্ঞান গ্রুপ এর 'ক' গুচ্ছ হতে ২টি এবং অন্য যে কোন গুচ্ছ থেকে ১টি, মোট ৩টি বিষয় নির্বাচন করতে হবে ঃ

| আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | |
|---|---|---|
| | মানবিক গ্রুপ (বিএ) | সামাজিক বিজ্ঞান গ্রুপ (বিএসএস) |
| ক। সমরবিদ্যা/বাংলাদেশ স্টাডিজ<br>খ। ইংরেজি<br>গ। বাংলা | ক। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>খ। দর্শন/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/ মনোবিজ্ঞান/ইসলামী শিক্ষা<br>গ। সমাজবিজ্ঞান/সমাজকর্ম/রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি<br>ঘ। গণিত/পরিসংখ্যান | ক। রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকর্ম<br>খ। ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/ মনোবিজ্ঞান/ দর্শন/ ইসলামী শিক্ষা<br>গ। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>ঘ। গণিত/পরিসংখ্যান |

৪। ভর্তির যোগ্যতা। বাংলাদেশের যে কোনো শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক/আলিম বা দেশ বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমে ছাত্র/ছাত্রী হিসেবে সরাসরি বিইউপিতে/অধিভুক্ত প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।

৫। রেজিষ্ট্রেশন। পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি শিক্ষাকার্যক্রমে ভর্তি হতে পারবে। এ প্রেক্ষিতে নিম্নেবর্ণিত দুটি ক্যাটাগরীতে বিইউপিতে রেজিষ্ট্রেশন সম্পন্ন করা যাবে ঃ

ক। রেগুলার শিক্ষার্থী। সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ বিইউপির অধিভূক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রেগুলার শিক্ষার্থী হিসেবে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে।

খ। প্রাইভেট শিক্ষার্থী। সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ বিইউপির অধিভূক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে প্রাইভেট শিক্ষার্থী হিসেবে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে। বেসামরিক শিক্ষার্থীগণ বিজ্ঞপ্তি অনুযায়ী রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে।

Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals

৬। <u>রেজিষ্ট্রেশনের মেয়াদ</u>। একজন শিক্ষার্থীর রেজিষ্ট্রেশনের মেয়াদ ৬ বৎসর। সর্বোচ্চ ৬ (ছয়) শিক্ষাবর্ষের মধ্যে একজন শিক্ষার্থীকে বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রম সম্পন্ন করে ডিগ্রী অর্জন করতে হবে। কোন শিক্ষার্থী সরকারী কাজে দেশে/দেশের বাহিরে বিশেষ দায়িত্বে নিয়োজিত, গুরুতর অসুস্থ্যতা (মেডিক্যাল সার্টিফিকেট দাখিলসহ) এবং অধিভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কারণ প্রদর্শন পূর্বক সকল ক্ষেত্রে আবরণী পত্রের মাধ্যমে বিইউপিতে সুপারিশ প্রেরণ সাপেক্ষে রেজিস্ট্রেশনের মেয়াদ পুনরায় ০১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে।

৭। <u>পুনঃ ভর্তি</u>। একজন শিক্ষার্থীর সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ শিক্ষার্থী এবং ফলাফলে not promoted হলে পরীক্ষার্থী ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে পুনঃ ভর্তি হতে পারবে। উভয় ক্ষেত্রেই তারা প্রাইভেট শিক্ষার্থী হিসেবে গণ্য হবে। একজন শিক্ষার্থী একই বর্ষে একবারের বেশী এবং পুরো কোর্সের মেয়াদে দুবারের বেশী পুনঃ ভর্তির সুযোগ পাবে না। পুনঃ ভর্তির ক্ষেত্রে তার পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর বহাল থাকবে।

৮। <u>শিক্ষাকার্যক্রম ও ক্রেডিট-ঘন্টা</u>।

ক্রেডিট আওয়ারের ভিত্তিতে শিক্ষাকার্যক্রমসমূহ পরিচালিত হবে। প্রতি সপ্তাহে পাঠদানের জন্য ব্যয়িত ক্লাস-ঘন্টাকে ক্রেডিট হিসেবে গণ্য করা হবে। ৬০ মিনিটের একটি ক্লাসকে এক ক্লাস-ঘন্টা ধরা হবে এবং ১৪ (চৌদ্দ) ক্লাস-ঘন্টাকে ১ (এক) ক্রেডিট হিসেবে গণনা করা হবে। শিক্ষাকার্যক্রমের জন্য ১০০ নম্বর পত্রের জন্য ৫৬ ক্লাস-ঘন্টা (Class Hour) = ৪ ক্রেডিট আওয়ার অনুসরণ করা হবে ।

৯। <u>শিক্ষাকার্যক্রম ভিত্তিক ক্রেডিট ও নম্বর বন্টন</u>। বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের বর্ষওয়ারী কোর্স, ক্রেডিট ও নম্বর বন্টন হবে নিম্নরূপ ঃ

| ১ম বর্ষ | | | ২য় বর্ষ | | | ৩য় বর্ষ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিষয় | নম্বর | ক্রেডিট | বিষয় | নম্বর | ক্রেডিট | বিষয় | নম্বর | ক্রেডিট |
| সমরবিদ্যা/বাংলাদেশ স্টাডিজ (আবশ্যিক) | ১০০ | ৪ | ইংরেজি (আবশ্যিক) | ১০০ | ৪ | বাংলা (আবশ্যিক) | ১০০ | ৪ |
| ঐচ্ছিক ৩টি বিষয়ের ১ম পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৩য় পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৫ম পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ |
| ঐচ্ছিক ৩টি বিষয়ের ২য় পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৪র্থ পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ | ঐচ্ছিক ৩টি বিষয়ের ৬ষ্ঠ পত্র | ১০০×৩ = ৩০০ | ১২ |
| মোট = | ৭০০ | ২৮ | মোট = | ৭০০ | ২৮ | মোট = | ৭০০ | ২৮ |

সর্বমোট নম্বর (৭০০×৩) = ২১০০, মোট ক্রেডিট ঃ ৮৪।

১০। <u>আবশ্যিক বিষয়সমূহ</u>। বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমের ১ম বর্ষে সমরবিদ্যা/বাংলাদেশ ষ্টাডিজ (আবশ্যিক), ২য় বর্ষে ইংরেজি (আবশ্যিক) এবং ৩য় বর্ষে বাংলা (আবশ্যিক) বিষয় হিসেবে সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে।

১১। <u>পরীক্ষার সময়কাল</u>। ১০০ নম্বরের সকল কোর্সের জন্য ৪ ঘন্টা ।

১২। <u>পরীক্ষার নম্বর</u>। প্রাইভেট ও রেগুলার শিক্ষার্থীদের সকল বিষয়ের পরীক্ষা ১০০ নম্বরে হবে।

১৩। <u>উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি</u>।

ক। বিএ/বিএসএস (পাস) শিক্ষাকার্যক্রমের সকল বিষয়ের প্রতিটি তত্ত্বীয় উত্তরপত্র একক পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে। নিরীক্ষক উত্তরপত্র নিরিক্ষণের পর নিরীক্ষক কর্তৃক প্রেরিত নম্বরের উপর ভিত্তি করে ফলাফল প্রকাশ করা হবে।

খ। পরীক্ষা নিয়ন্ত্রকের সুপারিশসহ ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে পরীক্ষার সময়সূচী ও পরীক্ষকগণের তালিকা প্রকাশ করা হবে।

গ। অভ্যন্তরীন ও বহিরাগত পরীক্ষক দ্বারা ব্যবহারিক পরীক্ষা পরিচালিত হবে। পরীক্ষার্থীকে তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় অংশে আলাদাভাবে কৃতকার্য হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য হলে শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত বিষয়ের তত্ত্বীয় ও ব্যবহারিক উভয় পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে।



Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals

১৪। <u>পাঠদান ও পরীক্ষার মাধ্যম</u>। পাঠদানের মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজি। পরীক্ষার উত্তরপত্রে বাংলা অথবা ইংরেজি ভাষার যে কোন একটি মাধ্যমে লিখতে হবে। উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতিত একই প্রশ্নের বা একই বিষয়ের উত্তরপত্রে বাংলা ইংরেজির মিশ্রণ গ্রহণযোগ্য নয়। তবে ভাষা সাহিত্যের বিষয় সমূহের ক্ষেত্রে পাঠদান ও পরীক্ষার মাধ্যম সংশ্লিষ্ট ভাষায় হবে।

১৫। <u>পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা</u>। প্রতি শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসাবে ন্যূনতম মোট ক্লাসের ৭৫% উপস্থিতি থাকতে হবে। তবে বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৭৫% এর কম (৬০% এর নিম্নে নহে) উপস্থিতির জন্য পরীক্ষার্থীকে পরীক্ষার ফরম পূরণের সময় ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা নন-কলেজিয়েট ফি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা দিতে হবে। পরীক্ষার জন্য প্রেরিত পরীক্ষার্থীদের আবেদনপত্রে অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/অধিভুক্ত প্রতিষ্ঠান প্রধান প্রত্যয়ণ করবেন যে ঃ

ক। পরীক্ষার্থীর আচরণ সন্তোষজনক ।
খ। শ্রেণীকক্ষে তার উপস্থিতি সন্তোষজনক।
গ। বিশ্ববিদ্যালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পূরণ করেছে।

১৬। <u>গ্রেডিং সিস্টেম (Grading System)</u>। উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর নম্বরকে গ্রেড পয়েন্টে (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| শতকরা নম্বর | গ্রেড | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| >৮০% | এ + (এ প্লাস) | ৪.০০ |
| ৭৫-৮০% | এ (এ) | ৩.৭৫ |
| ৭০-৭৫% | এ - (এ মাইনাস) | ৩.৫০ |
| ৬৫-৭০% | বি + (বি প্লাস) | ৩.২৫ |
| ৬০-৬৫% | বি (বি) | ৩.০০ |
| ৫৫-৬০% | বি - (বি মাইনাস) | ২.৭৫ |
| ৫০-৫৫% | সি + (সি প্লাস) | ২.৫০ |
| ৪৫-৫০% | সি (সি) | ২.২৫ |
| ৪০-৪৫% | ডি (ডি) | ২.০০ |
| <৪০% | এফ (অকৃতকার্য) | ০.০০ |

১৭। <u>পাশ নম্বর</u>।

| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) |
|---|---|
| পাস নম্বর | ৪০ |
| গণনাযোগ্য ক্রেডিট | D |

১৮। <u>উত্তীর্ণ গ্রেড</u>। ছাত্র-ছাত্রীদের সকল নির্ধারিত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ছাত্র-ছাত্রীদেরকে সকল নির্ধারিত ৪০% বা D গ্রেড বা গ্রেড পয়েন্ট ২ পেয়ে পাশ করতে হবে। যে সকল বিষয়ে D বা তদূর্ধ্ব গ্রেড অর্জিত হবে শুধুমাত্র সে বিষয়গুলোর ক্রেডিট ফলাফলের গণনায় আনা হবে।

১৯। <u>জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয়</u>। নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত বিষয়ের ক্রেডিট দ্বারা গুণ করে এ কোর্সে অর্জিত পয়েন্ট (EPS) নির্ধারণ করা হবে। উক্ত বছরে সকল বিষয়ে অর্জিত মোট পয়েন্টকে মোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে এক বছরের জিপিএ (GPA) নিরুপন করা হবে। এভাবে সকল বছরে অর্জিত মোট পয়েন্ট সমূহ যোগ করে সর্বমোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হবে। D এর নীচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হবে না এবং তা F (Fail) গ্রেড বলে বিবেচিত হবে। F গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত হলে অর্জিত ক্রেডিট CGPA গণনায় যুক্ত হবে। F গ্রেড উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে মানোন্নয়নের আর সুযোগ থাকবে না।

২০। সিজিপিএ গণনার পদ্ধতি ঃ

$$CGPA = \frac{\text{ETPS of (1st year+ 2nd year + 3rd year) + Earned Grade Point/Points}}{\text{Total number of credits completed in the whole programme}}$$



Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals

২১। জিপিএ গণনার পদ্ধতি।

$$GPA = \frac{\sum PS \text{ (Total Point Secured in a year)}}{\sum CR \text{ (Total Credits offered in a year)}}$$

**Example:** Grade Point Average (GPA) Calculation for a year

| Course Code No | No. of credits | Marks Obtained (%) | Letter grade (LG) | Earned Grade points (EGP) | Earned Points Secured (EPS)= No of Credits X Grade Point |
|---|---|---|---|---|---|
| 2013 | 6 | 70 | A- | 3.50 | 21.00 |
| 2014 | 4 | 65 | B+ | 3.25 | 13.00 |
| 2015 | 4 | 60 | B | 3.00 | 12.00 |
| 2016 | 4 | 34 | F | 0.00 | 00.00 |
| 2017 | 4 | 55 | B- | 2.75 | 11.00 |
| 2018 | 4 | 50 | C+ | 2.50 | 10.00 |
| 2019 | 4 | 45 | C | 2.25 | 09.00 |
| Total | 30 | - | - | - | 76.00 |

Total Point Secured (TPS) = 76

Earned Credit (EC) =6+4+4+0+4+4+4=30

$$SGPA = TPS/EC = \frac{76}{30} = 2.53$$

২২। উচ্চতর শ্রেণীতে উন্নীত (১ম বর্ষ হতে পর্যায়ক্রমে ৩য় বর্ষে)।

ক। গ্রেডিং পদ্ধতির স্নাতক (পাস) পরীক্ষায় বিএ ও বিএসএস এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উন্নীত করণের জন্য কমপক্ষে ঐ বর্ষের ৩টি পত্রে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে উত্তীর্ণের জন্যও উক্ত বর্ষের ৩টি পত্রে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

খ। ১টি পত্রে অনুপস্থিত থেকে শিক্ষার্থীর শিক্ষাকার্যক্রমের অন্যান্য সকল বিষয় ও পত্রে অংশগ্রহণ করে ন্যূনপক্ষে সকল পত্রে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে উন্নীত হবে। পরবর্তী বছরে অনুষ্ঠিত পরীক্ষায় অনুপস্থিত বিষয়ে অংশগ্রহণ করে ন্যূনতম D গ্রেড অর্জন করতে হবে।

গ। একজন শিক্ষার্থী কোন বর্ষে ক -উপধারায় উল্লেখিত তত্ত্বীয় কোর্সে প্রমোশনের জন্য ন্যূনতম গ্রেড অর্জনে ব্যর্থ হলে সে অনুত্তীর্ণ বিবেচিত হবে। পরবর্তী বছরে অনুষ্ঠিত উক্ত বর্ষের পরীক্ষায় শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে অনুত্তীর্ণ হলেও শিক্ষার্থী অকৃতকার্য পত্রসমূহের সাথে কৃতকার্য ১/২টি পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে চাইলে পরবর্তী বছরে একই সাথে দিতে হবে। একই বর্ষে পর পর অনুষ্ঠিত দু'বছরের প্রাপ্ত ফলাফল ক -উপধারার শর্ত পূরণ করলে একজন শিক্ষার্থী পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। তবে F গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সেক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

ঘ। একজন শিক্ষার্থী ক -উপধারার শর্ত পূরণ সাপেক্ষে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশন পাবে এবং ২য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় ১ম বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ২য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক -উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে ব্যর্থ হলে ৩য় বর্ষে প্রমোশন পাবে না। একই ভাবে ৩য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে।

২৩। গ্রেড উন্নীত করণ।

ক। একজন শিক্ষার্থী ১ম/২য়/৩য় বর্ষের জিপিএ উন্নীতকরণের জন্য শুধুমাত্র B এবং তদনিম্ন গ্রেড প্রাপ্ত পত্রে ঠিক পরবর্তী ব্যাচের পরীক্ষার সময় চলতি সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। তবে কোন পরীক্ষার্থী একটি পত্রে একবারের বেশী গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ পত্রে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। গ্রেডের মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে।

খ। অধিভুক্ত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষের মাধ্যমে মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের তালিকা ফরম পূরণের সময় পৃথকভাবে বিইউপি পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে প্রেরণ করবে।



Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals

২৪। ডিগ্রি প্রাপ্তির যোগ্যতা সমূহ। ব্যাচেলর (পাস) ডিগ্রি পেতে হলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবে ঃ

ক। একজন শিক্ষার্থীকে তত্ত্বীয় ও ব্যবহারিক সকল পরীক্ষায় অংশগ্রহন করে অব্যশই ন্যূনতম CGPA ২.০০ পেতে হবে। অন্যথায় সে উক্ত প্রোগ্রামে অকৃতকার্য বলে গণ্য হবে।

খ। প্রতিটি ব্যবহারিক পরীক্ষায় পৃথকভাবে গ্রেড পয়েন্ট ২.০০ অর্জন করতে হবে। কোন পরীক্ষায় প্রয়োজনীয় GP অর্জনে ব্যার্থ হলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরবর্তী ব্যাচের সাথে তাত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে।

২৫। পাস ডিগ্রি।

ক। CGPA এর ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

খ। ১ম, ২য় বা ৩য় বর্ষে F গ্রেড পাওয়া পত্রগুলো রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ছয়/সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে।

২৬। ট্রান্সক্রিপ্টস। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে প্রত্যেক বর্ষের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্টে গ্রেড, Corresponding গ্রেড পয়েন্ট GPA, CGPA উল্লেখ থাকবে এবং এতে কোন গাণিতিক নম্বর থাকবে না।

২৭। প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনের শর্তাবলী। বিএ/বিএসএস (পাস) পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করা যাবে। প্রাইভেট পরীক্ষার্থীদের শিক্ষাকার্যক্রমের মেয়াদ ৩ বছর এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ হবে ০৬ (ছয়)/০৭ (সাত) বছর। রেগুলার পরীক্ষার্থীদের ন্যায় প্রতি শিক্ষাবর্ষ শেষে বিষয় ও বর্ষওয়ারী একই প্রশ্নে রেগুলার ও প্রাইভেট পরীক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। রেগুলার শিক্ষার্থীদের ন্যায় প্রাইভেট পরীক্ষার্থীদের জন্যও রেগুলেশনের অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

২৮। ভর্তির অযোগ্যতা। কোন পরীক্ষার্থী বিএ/বিএসএস (পাস) পরীক্ষায় যে কোন একটি শিক্ষাকার্যক্রমে পাশ করার পর রেগুলার বা প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অন্য কোন ডিসিপ্লিনে স্নাতক (পাস) বা অনার্স শিক্ষাকার্যক্রমে ভর্তি হতে বা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৯। দ্বৈত রেজিস্ট্রেশন। কোন ছাত্র/ছাত্রী এই বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত অবস্থায় (শিক্ষাকার্যক্রম চলাকালীন সময়) অত্র বিশ্ববিদ্যালয়ে/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে বা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষাকার্যক্রমেই অধ্যয়ন করতে পারবে না। এরূপ ভর্তিকৃত এবং পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীর উভয় শিক্ষাকার্যক্রমের রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফলাফল বাতিল করা হবে।

৩০। শিক্ষক নিয়োগ। রেগুলার শিক্ষার্থীদের জন্য স্থানীয় কোন সরকারী/বেসরকারী কলেজ থেকে আউট সোর্সিং এর মাধ্যমে শিক্ষক নিয়োগ দেয়া যেতে পারে। এছাড়া সংশ্লিষ্ট বিষয়ে মাষ্টার ডিগ্রীধারী সশস্ত্র বাহিনীর সদস্য শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া যেতে পারে।

৩১। পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী। বিএ/বিএসএস (পাস) প্রোগ্রামের ১ম বর্ষ সমাপ্তির পর অক্টোবর-নভেম্বর মাসে চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই ভাবে ২য় ও ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সঠিক তারিখ বিইউপি কর্তৃক অবহিত করা হবে। প্রশ্নপত্র তৈরী, পরীক্ষার সময়সূচী এবং পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়াদি বিইউপির পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক নিয়ন্ত্রণ করা হবে।

৩২। পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিষয়াবলী। প্রয়োজনীয় কমিটি/তদারকি, প্রশ্ন প্রনয়ন, মডারেশন, স্ক্রুটিনি, পরীক্ষক নিয়োগ এবং অন্যান্য বিষয়াদি বিশ্ববিদ্যালয় বিধি মোতাবেক পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক পরিচালিত হবে।

Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals

৩৩। প্রদেয় ফিসমূহ (পরিবর্তনযোগ্য)।

| ক্র/নং | খাত সমূহ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | রেজিস্ট্রেশন ফি, প্রার্থীপ্রতি (এককালীন) | ৫০০/- |
| ২। | পরীক্ষার ফি (প্রতি ক্রেডিট আওয়ার) | ২০০/- |
| ৩। | নম্বরপত্র/গ্রেডশীট (প্রার্থী এবং বর্ষপ্রতি) | ৫০০/- |
| ৪। | সাময়িক সনদপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৫০০/- |
| ৫। | মূল সনদপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৫০০/- |
| ৬। | অধিভুক্তি ফি | ১৫,০০০/- |
| ৭। | অধিভুক্তি নবায়ন ফি | ৭,৫০০/- |
| ৮। | কেন্দ্র ফি (প্রার্থী এবং বর্ষপ্রতি) | ৫০০/- |

নোটঃ কেন্দ্র ফি বিইউপিতে প্রেরণের প্রয়োজন নেই। উক্ত ফি পরীক্ষা কেন্দ্র পরিচালনার কাজে ব্যয় করা হবে।

৩৪। **Distribution of Marks in Question Paper:**

**Full Marks : 100**

**Time of Examination: 4 Hours**

| Question Types | | Details | Marks |
|---|---|---|---|
| **Part-A** | Short questions (such as definition/quizes covering all the chapters of the syllabus.) | 10 Questions out of 12 to be answered Question no. 1. (a-l). | 1.5×10=15 |
| **Part-B** | Short questions (such as conceptual/numerical covering all the chapters of the syllabus.) | 5 Questions out of 8 to be answered Question no. 2-9. | 5×5=25 |
| **Part-C** | Broad questions (such as analytical/conceptual/numerical) | 5 Questions out of 8 to be answered (Question may be divided into. (i),(ii),(iii) etc subsections.) question no. 10 -17. | 12×5=60 |
| | | **Total marks =** | **100** |

Liton Chandra Sarker
Deputy Inspector of College
Bangladesh University of Professionals